Australian Government
Department of Home Affairs

অস্ট্রেলিয়ান কমিউনিটির স্বাস্থ্য সুরক্ষায় অস্ট্রেলিয়ায় কঠোর সীমান্ত সুরক্ষা ব্যবস্থা কার্যকর রয়েছে। বর্তমানে অস্ট্রেলিয়ায় আসা ও যাওয়ার জন্য খুব সীমিত সংখ্যক ফ্লাইট উপলভ্য রয়েছে এবং এ সময়ে আপনি ভ্রমণ করার সুযোগ নাও পেতে পারেন। ভ্রমণ সংক্রান্ত বিধিনিষেধ পরিবর্তন সাপেক্ষ। অনুগ্রহ করে নিয়মিত খবর রাখুন। দেখুন: ন্যাশনাল ক্যাবিনেট মিডিয়া বিবৃতি।

নিরাপদ ভ্রমণ অঞ্চল থেকে কোয়ারেন্টিন-ফ্রি ফ্লাইটে না আসা পর্যন্ত অস্ট্রেলিয়ার নাগরিকসহ অস্ট্রেলিয়ায় আসা সকল ভ্রমণকারীকে তাদের আগমনের বন্দরের নির্ধারিত স্থাপনা যেমন- হোটেলে, অবশ্যই 14 দিনের কোয়ারেন্টিনে থাকতে হবে। ভ্রমণকারীদের জন্য করোনাভাইরাস (COVID-19) সম্পর্কিত পরামর্শ দেখুন। আপনার কোয়ারেন্টিনের খরচ আপনাকেই বহন করতে হতে পারে। কোয়ারেন্টিনের শর্ত সম্পর্কিত আরো তথ্যের জন্য সংশ্লিষ্ট স্টেট বা টেরিটরির সরকারি স্বাস্থ্য বিভাগের সাথে যোগাযোগ করুন।

আমি একটি ভিসার জন্য আবেদন করতে চাই

আপনার এই সময়ে অস্ট্রেলিয়ান ভিসার জন্য আবেদনের প্রয়োজনীয়তাটি পুনর্বিবেচনা করা উচিত এবং ভ্রমণের উপর আরোপিত বিধিনিষেধ ও ভিসা প্রক্রিয়াকরণ সম্পর্কিত আপডেটের জন্য এই পৃষ্ঠাটি নিয়মিত দেখা উচিত।

ভিসা প্রক্রিয়াকরণের ব্যবস্থা

আপনি অস্ট্রেলিয়ায় আসতে পারবেন না যদি না:

- আপনি কোনো ছাড় প্রাপ্তির শ্রেণিভুক্ত হন
- বর্তমান ভ্রমণ বিধিনিষেধকালে আপনাকে কোনো স্বতন্ত্র ছাড়ের অনুমোদন দেওয়া হয় অথবা
- আপনি কোয়ারেন্টিন-ফ্রি ট্রাভেল ব্যবস্থার অধীনে নিরাপদ ভ্রমণ অঞ্চলের মধ্যে ভ্রমণ করেন।

আপনার একটি বৈধ ভিসাও থাকতে হবে। আপনার ভিসার অপশনগুলো দেখুন।

COVID-19-এর কারণে, কিছু ভিসা প্রক্রিয়াকরণের সময় দীর্ঘায়িত হয়েছে এবং এজন্য আবেদনগুলো চূড়ান্ত হতে বেশি সময় লাগতে পারে। আমরা সেইসব ভ্রমণকারীদের ভিসার আবেদনগুলোকে অগ্রাধিকার দিচ্ছি যারা বর্তমান ভ্রমণ নিষেধাজ্ঞার আওতাভুক্ত নয় অথবা যারা নিরাপদ ভ্রমণ অঞ্চলের মধ্যে ভ্রমণ করছে।

ভিসার অনুমোদন না পাওয়া পর্যন্ত আপনার ভ্রমণের ব্যবস্থা নিশ্চিত করা উচিত নয় (যদি না আপনি নিউজিল্যান্ডের বাসিন্দা হন)।

সম্ভব হলে, অনলাইনে আপনার আবেদন জমা দিতে হবে। এটি প্রক্রিয়াকরণের ব্যবস্থাগুলোকে সহজতর করতে সহায়তা করে।

অস্ট্রেলিয়া ভ্রমণ – ভিসার অপশনসমূহ

আপনি ইলেকট্রনিক ট্রাভেল অথরিটি (ETA)-এর জন্য অনলাইনে বা এয়ারলাইন অথবা ট্রাভেল এজেন্টের মাধ্যমে এই মুহূর্তে আবেদন করতে পারবেন না।

ভ্রমণ নিষেধাজ্ঞা চলাকালীন নির্দিষ্ট পাসপোর্টধারীগণ যাতে ETA-এর জন্য আবেদন করতে পারে তাই আমরা একটি মোবাইল অ্যাপ (AustralianETA) চালু করছি।

ETA-এর জন্য আবেদন করতে আপনি AustralianETA ব্যবহার করতে পারেন যদি:

- আপনি ETA-এর যোগ্যতার সকল শর্তাবলি পূরণ করে থাকেন এবং
- আপনি ব্রুনাই, কানাডা, হংকং (চীনের SAR), জাপান, মালয়েশিয়া, সিঙ্গাপুর, দক্ষিণ কোরিয়া বা আমেরিকা যুক্তরাষ্ট্রের পাসপোর্টধারী হয়ে থাকেন।

AustralianETA ব্যবহার করে ETA-এর আবেদন করার জন্য একটি অ-ফেরতযোগ্য পরিষেবা ফি AUD 20 প্রদান করতে হবে। একটি ETA আপনাকে অস্ট্রেলিয়ায় কাজ করার বা তিন মাসের বেশি সময় থাকার সুযোগ প্রদান করে না।

আপনি অ্যাপ স্টোর (অ্যাপল) বা গুগল প্লে স্টোর (অ্যান্ড্রয়েড) থেকে বিনামূল্যে AustralianETA ডাউনলোড করতে পারেন।

AustralianETA ট্রায়ালে অন্তর্ভুক্ত না হওয়া ভ্রমণকারীগণ তাদের চাহিদানুযায়ী অন্য ভিসার জন্য ImmiAccount-এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারেন।

- ইউরোপীয় পাসপোর্টধারীগণ eVisitor (সাবক্লাস 651) ভিসার জন্য যোগ্য হতে পারে। eVisitor ভিসার আবেদনের ক্ষেত্রে কোনো ভিসা অ্যাপ্লিকেশন চার্জ (VAC) বা পরিষেবা ফি নেই।

- প্রাসঙ্গিক ধারা অনুযায়ী অন্যান্য পাসপোর্টধারীগণ ভিজিটর (সাবক্লাস 600) ভিসার জন্য যোগ্য হতে পারেন।

যদি আপনি ETA, eVisitor বা ভিজিটর ভিসার জন্য অনুমোদিত হন তাহলে এর অর্থ এই নয় যে আপনাকে অস্ট্রেলিয়া ভ্রমণের জন্য বিবেচনা করা হয়েছে বা আপনাকে ছাড় দেওয়া হয়েছে। যদি না আপনি নিরাপদ ভ্রমণ অঞ্চলে ভ্রমণ করেন তাহলে আপনাকে ভ্রমণ সংক্রান্ত ছাড়ের জন্য একটি আবেদন করতে হবে এবং আপনার দাবি সমর্থন করার জন্য প্রমাণ সরবরাহ করতে হবে।

সেবা ব্যাহত হওয়া

ভিসা আবেদন প্রক্রিয়া সম্পর্কিত কিছু সেবা COVID-19 দ্বারা প্রভাবিত হতে পারে এবং আমরা নির্ভর করি এমন অনেকগুলো সেবা এখন ক্রমবর্ধমানভাবে বন্ধ রয়েছে।

এর মধ্যে বিদেশী প্যানেল ডক্টর (নিচে দেখুন), ইংরেজি ভাষার পরীক্ষা কেন্দ্র, বায়োমেট্রিক তথ্য সংগ্রহ কেন্দ্র অন্তর্ভুক্ত রয়েছে।

এই সেবাগুলো বন্ধ থাকার কারণে অনেক আবেদনকারী ভিসার শর্তগুলো পূরণ করতে পারবেন না। পরীক্ষা সম্পন্ন করতে এবং অনুরোধকৃত তথ্য প্রদান করতে আবেদনকারীদেরকে অতিরিক্ত সময় দেওয়া হবে।

ভিসা মেডিকেল অ্যাপয়েন্টমেন্ট

COVID-19 এর কারণে ভিসা চিকিৎসা সেবাদি বিঘ্নিত হওয়া সম্পর্কে গ্রাহকদের অবগত থাকতে হবে।

আমাদের ভিসা প্রক্রিয়াকরণ অফিসাররা বিঘ্নতাগুলো সম্পর্কে সচেতন। আপনার ভিসার আবেদন বিবেচনা করার সময় আমরা বর্ধিত সময়সীমাগুলি বিবেচনায় নেব। আমার স্বাস্থ্য সম্পর্কিত তথ্যের ঘোষণা সাময়িকভাবে স্থগিত রয়েছে। আপনার ভিসার আবেদন জমাদানের পর আপনার প্রয়োজনীয় ভিসার জন্য স্বাস্থ্য পরীক্ষা সহ স্বাস্থ্য সংক্রান্ত শর্তাবলি নির্ধারণ করা হবে।

আপনি যদি আপনার *স্বাস্থ্য পরীক্ষার আবেদন* সংক্রান্ত চিঠিতে অনুরোধকৃত সময়সীমার মধ্যে স্বাস্থ্য পরীক্ষা করতে না পারেন তাহলে আপনার ImmiAccount-এর মাধ্যমে বিস্তারিত সংযুক্ত করে বিভাগকে তা সম্পর্কে অবহিত করা উচিত।

যদি আপনি এখনও ভিসার আবেদন জমা না দিয়ে থাকেন বা ইমিগ্রেশন মেডিকেল পরীক্ষা করার জন্য আবেদন না করেন তবে অস্ট্রেলিয়ায় ভিসা মেডিকেল সার্ভিসেস ক্লিনিক বা বিদেশের প্যানেল ক্লিনিকে এই মুহূর্তে যোগাযোগ করার প্রয়োজন নেই।

বায়োমেট্রিক তথ্য সংগ্রহের অ্যাপয়েন্টমেন্ট

অস্ট্রেলিয়ান ভিসা অ্যাপ্লিকেশন সেন্টার (AVAC) এবং অস্ট্রেলিয়ান বায়োমেট্রিক তথ্য সংগ্রহের সেন্টারগুলোর (ABCC) প্রাপ্যতা নির্ভর করবে দেশের অভ্যন্তরীণ COVID-19 বিধিনিষেধের উপর।

সংগ্রহকারী কিছু কেন্দ্র সহায়তামূলক অনলাইন ভিসার আবেদন জমাদানে সেবা প্রদান করতে পারে।

অ্যাপয়েন্ট পেতে ও তাতে অংশ নিতে আপনি আপনার বিদ্যমান *ব্যক্তিগত শনাক্তকারী তথ্য (বায়োমেট্রিক্স) প্রদানের প্রয়োজনীয়তা পত্র* ব্যবহার করতে পারেন। আপনি যদি ভিসার জন্য অনলাইনে আবেদন করে থাকেন তাহলে তার একটি কপি আপনার ImmiAccount-এ থাকবে।

অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা করতে আপনাকে অবশ্যই আপনার স্থানীয় AVAC বা ABCC-এর সাথে যোগাযোগ করতে হবে। যোগাযোগের তথ্য ও আপনার দেশে খোলার সময় সহ AVACs ও ABCCs সংক্রান্ত হালনাগাদকৃত তথ্যের জন্য আপনি আমাদের ওয়েবসাইট দেখতে পারেন। দেখুন: অস্ট্রেলিয়ার বাইরের অফিসসমূহ

আমরা জানি যে অভ্যন্তরীণ COVID-19 বিধিনিষেধের কারণে কিছু নির্দিষ্ট জায়গায় আপনি বায়োমেট্রিক তথ্য প্রদানে সক্ষম নাও হতে পারেন। আপনার আমাদের সাথে যোগাযোগ করার প্রয়োজন নেই যদি:

- আপনার এলাকার সংগ্রহকারী কেন্দ্র সাময়িকভাবে বন্ধ থাকে, অথবা
- আপনার এলাকার লক-ডাউনের কারণে আপনি সংগ্রহকারী কেন্দ্রে যেতে না পারেন।